

একুশে একাডেমী অস্ট্রেলিয়ার স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন

PUBLISHED ON April 17, 2021 by sydneyprotidin

সিডনিতে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন করেছে একুশেএকাডেমি অস্ট্রেলিয়া। ১১ এপ্রিল দুপুর ১২ টায় সিডনির বেলমোর কমিউনিটি সেন্টারে এই আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ইঞ্জিনিয়ার আবদুল মতিন। সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক রওনক হাসান।



অনুষ্ঠানের শুরুতেই বাংলাদেশ এবং অস্ট্রেলিয়ার জাতীয় সংগীত পরিবেশন করা হয়। এরপর ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন ও শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য দেন নজরুল ইসলাম, ডঃ সুলতান মাহমুদ, ডঃ কাইউম পারভেজ, নেহাল নেয়ামুল বারী, ডঃ শাখাওয়াত নয়ন প্রমুখ। এ সময় বক্তারা বলেন গত ৫০ বছরে বাংলাদেশ শিক্ষা, যোগাযোগ, অর্থনীতি, তথ্যপ্রযুক্তি, কৃষি ও স্বাস্থ্য খাতে অভূতপূর্ব উন্নতি করেছে। সাক্ষরতার হার বাড়লেও সামাজিক মূল্যবোধ ও নীতি নৈতিকতার চর্চা কমেছে বলে উল্লেখ করেন বক্তারা।



পরে মুনা মোস্তফার উপস্থাপনায় কবিতা আবৃত্তি, শিশু -কিশোরীদের নৃত্য এবং দেশের গান নিয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সঙ্গীত পরিবেশন করেন অমিয়া মতিন, অভিজিৎ বড়ুয়া, পিয়াসা বড়ুয়া, সুমিতা দে প্রমুখ। তবলায় সংগীত পরিবেশন করেন জন্মেজয় রায়।

CATEGORIES প্রচ্ছদ, সিডনি • TAGS FEATURED

Blog at WordPress.com.